

আইটি সোসাইটির ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন ও ক্যাম্পাস টাইপিং মাস্টার ২.০-
এর পুরস্কার বিতরণী-২০১৯ অনুষ্ঠিত



১১নভেম্বর-২০১৯, সোমবার, সকাল: ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইটি সোসাইটির উদ্যোগে ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন ও ক্যাম্পাস টাইপিং মাস্টার ২.০-এর পুরস্কার বিতরণী-২০১৯ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইটি সোসাইটি মেন্টর অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্য্য এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. শওকত জাহাঙ্গীর, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. খ্রীষ্টিন রিচার্ডসন ও প্রক্টর ড. মোস্তফা কামাল। এছাড়াও উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইটি সোসাইটির সভাপতি আসিফ আহমেদ রোজেল এবং সাধারণ সম্পাদক ইমরান নাজিরসহ অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস টাইপিং মাস্টার ২.০-এর প্রতিযোগিতায় ১০৫জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। এই প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ১০ ব্যাচের ছাত্র শাহাদাত হোসাইন।